গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
e-mail: dmss@dgfood.gov.bd
web:www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.১৮- ৯৩৭(৫) তারিখঃ ১৮/১১/২০১৮ খ্রিঃ

# আদেশ

পথখাতে খাদ্যশস্যের গড়মিল নিরসন হওয়া/তথ্য উদ্ঘাটনের লক্ষ্যে মহাপরিচালক মহোদয় কর্তৃক চসসা বিভাগের ২১/১০/২০১৮ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.১৮-৮৪০(১০) নং স্মারকে পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকাকে আহবায়ক করে ১০ সদস্যের কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির সভা ২৪/১০/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয় এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদনসমূহ যাচাই-বাছাই ও পরীক্ষা নিরীক্ষা করে উক্ত কমিটির নিকট পেশ করার জন্য নিম্নোক্তভাবে সাব-কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রক্ষিতে নিম্নোক্তভাবে সাব-কমিটি গঠন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা | - | আহবায়ক; |
| (খ) | উপ-পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ | - | সদস্য সচিব; |
| (গ) | উপ-পরিচালক (সাইলো) চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ ঢাকা | - | সদস্য; |
| (ঘ) | উপ-পরিচালক (সংরক্ষণ), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ | - | সদস্য; |
| (ঙ) | সহকারী উপ-পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ | - | সদস্য। |

**সাব কমিটির কর্ম পরিধিঃ**

১। এমএইএসএন্ডএম বিভাগের পথখাত খাদ্যশস্য নির্ণয়ের ছক এবং চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ থেকে চালুকৃত ১৫ কলাম বিশিষ্ট ছকে বিগত ০৬ (ছয়) মাসের (১লা জুলাই, ২০১৮ এর পূর্ব থেকে) মাসিক প্রতিবেদনের তথ্য যাচাই বাছাই করবে;

২। পিভিআর এর "খ" ফরমে সকল এলএসডি/সিএসডি/ সাইলো/বন্দর জেটি/ঘাট থেকে চসসা বিভাগে প্রেরিত রিপোর্টগুলো যাচাই করবে;

৩। কমিটি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের নিকট থেকে প্রাপ্ত প্রতিবেদনসমূহ এবং অন্যান্য সকল প্রতিবেদন যাচাই-বাছাই ও পরীক্ষা নিরীক্ষা করে মূল কমিটির নিকট পেশ করবে;

৪। কমিটি নিয়মিতভাবে প্রতিমাসে সভা আহবান করে মাঠ পর্যায়ের প্রাপ্তি প্রতিবেদনসমূহ যাচাই করে মূল কমিটির নিকট পর্যবেক্ষণ প্রতিবেদন দাখিল করবে।

১৮
(মোঃ আবদুল আজিজ মোল্লা)
অতিরিক্ত মহাপরিচালক (চঃদাঃ)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা, ২৯৯, পশ্চিম জুরাইন, নতুন রাস্তা, ঢাকা;
২। উপ-পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৩। উপ-পরিচালক (সাইলো) চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৪। উপ-পরিচালক (সংরক্ষণ), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৫। সহকারী উপ-পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

OTC

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
e-mail: dmss@dgfood.gov.bd
web:www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.১৮-৯৪০(৭৯) তারিখঃ ১৮/১১/২০১৮ খ্রিঃ

প্রাপকঃ ১-৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট;
৮-১৩। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার/মোংলা/স্টিল সাইলো, খুলনা;
১৪-৭৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)........................................................;
৭৮-৭৯। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম/খুলনা।

বিষয়ঃ <u>পথখাতে খাদ্যশস্যের প্রকৃত পরিমাণ নিরূপণের লক্ষ্যে তথ্য প্রেরণ।</u>

উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন এলএসডি/সিএসডি/সাইলোসমূহে খাদ্যশস্যের মজুত, বিভিন্ন সূচির অধীন প্রেরিত-প্রাপ্ত খাদ্যশস্যের হিসাব ও পথখাতের প্রকৃত পরিমাণ সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। সাময়িকভাবে উক্ত পরিমাণ সম্পর্কে ধারণা পাওয়া গেলেও সঠিক তথ্যের অভাবে এর ধারাবাহিকতা অব্যাহত রাখা সম্ভব হচ্ছে না। সে প্রেক্ষিতে পথখাতের খাদ্যশস্যের (ধান, চাল ও গম) সঠিক পরিমাণ সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে মাঠ পর্যায় থেকে নিয়মিতভাবে পথখাতে খাদ্যশস্যের তথ্য খাদ্য অধিদপ্তরে থাকা আবশ্যক। এ লক্ষ্যে এতদসঙ্গে একটি ১৫ কলাম বিশিষ্ট "ক" ছক সংযুক্ত করা হলো। সংশ্লিষ্ট ছক পূরণপূর্বক নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

১। সূচির অধীন প্রেরণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/ব্যবস্থাপক/সাইলো অধীক্ষকগণ কর্তৃক প্রদত্ত ১৫ কলাম বিশিষ্ট "ক" ছক পূরণ করে পূর্ববর্তী মাসের হিসাব প্রত্যেক মাসের শেষ সপ্তাহের মজুত প্রতিবেদনের সাথে জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করবেন, জেলা খাদ্য নিয়ন্ত্রক তাঁর নিয়ন্ত্রণাধীন সকল এলএসডি/সিএসডির একত্রিত হিসাব মাসিক (শেষ সপ্তাহের) প্রতিবেদনের সাথে সংশ্লিষ্ট আখানির দপ্তরে প্রেরণ করবেন। পণ্যওয়ারী হিসাব প্রেরণ করতে হবে। মন্তব্য কলামে ২(দুই) মাস/তদউর্দ্ধ অপ্রাপ্ত ইনভয়েসের সংখ্যা এবং "খ" ফরমে বিস্তারিত তথ্য প্রদান করতে হবে;

২। পোর্ট/জেটি/ঘাটসমূহ হতে প্রেরিত খাদ্যশস্যের ছকওয়ারী প্রতিবেদন চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকগণ সংশ্লিষ্ট আখানির দপ্তরে মাসিক (মাসের শেষ সপ্তাহের) প্রতিবেদনের সঙ্গে প্রেরণ নিশ্চিত করবেন;

৩। সাইলো অধীক্ষকগণ প্রদত্ত "ক" ছক অনুযায়ী পথ খাতের খাদ্যশস্যের পরিমাণ সম্পর্কে সংশ্লিষ্ট আখানির দপ্তরে মাসিক (মাসের শেষ সপ্তাহের) মজুত প্রতিবেদনের সঙ্গে প্রেরণ নিশ্চিত করবেন;

৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তাঁর আওতাধীন জেলা, পোর্ট, জেটি, ঘাট ও সাইলোসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন একত্রিত করে বিভাগের একটি সমন্বিত প্রতিবেদন প্রতিমাসের শেষ সপ্তাহের প্রতিবেদনের সাথে খাদ্য অধিদপ্তরের এমআইএসএন্ডএম বিভাগে প্রেরণ করবেন এবং একটি কপি পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন;

৫। এমআইএসএন্ডএম বিভাগ মাসিক ভিত্তিতে প্রাপ্ত পথ খাতে খাদ্যশস্যের বিভাগীয় প্রতিবেদন একত্রিত করে পথ খাতের খাদ্যশস্যের প্রকৃত পরিমাণ সংকলন করবে;

৬। জুন/২০১৮ মাস হতে এ ব্যবস্থা কার্যকর হবে এবং জুলাই/২০১৮ মাসের মাসিক মজুত প্রতিবেদনের সাথে পথখাতের প্রতিবেদন নিশ্চিত করতে হবে।

৭। পথখাতের মাসিক প্রতিবেদনের তথ্যাদির সাথে মাসের শেষ সপ্তাহে প্রস্তুতকৃত জাতীয় মাসিক মজুত প্রতিবেদনের সাথে মিল থাকতে হবে।

৮। ইনভয়েসসূত্রে খাদ্যশস্য কোন কেন্দ্রে প্রেরণ করা হলে তা প্রাপ্তি হয়েছে কিনা সে বিষয়টি যাচাই করার দায়িত্ব মূলত প্রেরক কেন্দ্রের। সুতরাং প্রেরিত খাদ্যশস্য প্রাপ্তির বিষয়টি প্রেরক কেন্দ্র কর্তৃক প্রাপক কেন্দ্রে স্ব-উদ্যোগে টেলিফোনে অবহিত হয়ে শুধুমাত্র অপ্রাপ্ত খাদ্যশস্য পথখাতের প্রকৃত পরিমাণ হিসেবে গণ্য হবে; সুতরাং ফেরত ইনভয়েসের উপর ভিত্তি করে খাদ্যশস্য পথখাত হিসেবে গণ্য হবে না।

চলমান পাতা-২

E:\Transit\Letter , transit.doc

৯। আলোচ্য ছকের ১৪ নং কলামে বর্ণিত পথখাতের ক্রমপুঞ্জিত পরিমাণ প্রামানিক তথ্যাদি দ্বারা সমর্থিত হতে হবে। সেক্ষেত্রে সম্পুরক তথ্য প্রদানের জন্য “খ” ফরমে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

উপরোক্ত তথ্য সঠিকভাবে ও যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তঃ ছক “ক” ও “খ”।

(মোঃ আরিফুর রহমান অপু)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.১৮- তারিখঃ /১১/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর;
৩। পরিচালক,............................(সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৪। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম /অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৫। অফিস কপি।

(আব্দুল্লাহ আল মামুন)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ০২-৯৫৫০২৭০

“ছক-ক”

………/২০১৮ মাসে অভ্যন্তরীণ /বিভাগীয়/কেন্দ্রীয় চলাচল সূচির অধীনে প্রেরিত খাদ্যশস্যের পথখাতের বিবরণীঃ

(প্রেরণ কেন্দ্র কর্তৃক পূরণযোগ্য)

| পরিবহণ সূচির ধরণ | পরিবহণ মাধ্যম | পূর্ববর্তী মালের সূচির বিপরীতে অপ্রেরিত পরিমাণ | চলতি মাসে প্রদত্ত সূচির পরিমাণ | মোট সূচির পরিমাণ (৩+৪) | প্রেরিত পরিমাণ | প্রেরিত পণ্যের প্রাপ্ত পরিমাণ | পরিবহণ ঘাটতি | পথখাতের পরিমাণ ৬-(৭+৮) | পূর্ববর্তী মাস পর্যন্ত থাকা পথখাতের | | | | পথখাতের ক্রমপুঞ্জিত পরিমাণ (৯+১৩) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | পরিমাণ | বিপরীতে চলতি মাসে প্রাপ্ত পরিমাণ | পরিবহণ ঘাটতি | অবশিষ্ট পরিমাণ ১০-(১১ +১২) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| অভ্যন্তরীণ | রেল | | | | | | | | | | | | | |
| | সড়ক | | | | | | | | | | | | | |
| | নৌ | | | | | | | | | | | | | |
| | মোট | | | | | | | | | | | | | |
| বিভাগীয় | রেল | | | | | | | | | | | | | |
| | সড়ক | | | | | | | | | | | | | |
| | নৌ | | | | | | | | | | | | | |
| | মোট | | | | | | | | | | | | | |
| কেন্দ্রীয় | রেল | | | | | | | | | | | | | |
| | সড়ক | | | | | | | | | | | | | |
| | নৌ | | | | | | | | | | | | | |
| | মোট | | | | | | | | | | | | | |
| সর্বমোট= | | | | | | | | | | | | | | |

ফরম-খ

বিগত ০২ (দুই) মাস/তদউর্দ্ধ যে সকল ইনভয়েস/চালান/অন্যান্য তথ্যের বিপরীতে কোন মালামাল কেন্দ্রে পাওয়া যায় নাই তার পরিমাণ এবং বিশ্লেষণ (ফরম "ক" এর ১৩ নং কলামে উল্লিখিত তথ্যের বিশ্লেষণ)।

পণ্য:
কেন্দ্রের নাম......................
উপজেলা.........................
জেলা.........................

| ক্রঃনং | ইনভয়েস নং ও তারিখ/অন্যান্য তথ্য সূত্র নং ও তারিখ | প্রেরক | প্রাপক | পরিবহণকারী ব্যক্তি/সংস্থার নাম, ঠিকানা | পরিবহর রেজিঃ নং | ইনভয়েস/অন্যান্য তথ্য অনুযায়ী প্রেরিত খাদ্যশস্যের পরিমাণ | অপ্রাপ্তির কারণে গৃহীত ব্যবস্থাদির বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

প্রেরণ কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর    উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের স্বাক্ষর    জেলা খাদ্য নিয়ন্ত্রকের স্বাক্ষর    আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
e-mail: dmss@dgfood.gov.bd
web:www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.১৮-৯৪১(৭৯) তারিখঃ ২৮-/১১/২০১৮ খ্রিঃ

প্রাপকঃ ১-৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট;
৮-১৩। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার/মোংলা/স্টিল সাইলো, খুলনা;
১৪-৭৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)..........................................................;
৭৮-৭৯। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম/খুলনা।

**বিষয়ঃ ৩০/০৬/২০১৮ খ্রিঃ এর পূর্ব হতে চুরি/আত্মসাত, নৌকা/বার্জ ডুবি, বিনষ্ট/ধ্বংস, ট্রাক ও ওয়াগন হারিয়ে যাওয়ায় খাদ্যশস্যের ক্ষয়-ক্ষতির প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ২৪/১০/২০১৮ খ্রিঃ তারিখে খাদ্য অধিদপ্তরে অনুষ্ঠিত পথখাত সম্পর্কিত তদন্ত কমিটির সভায় এলএসডি/সিএসডি/সাইলো/বন্দর/জেটি/ঘাট থেকে প্রেরিত খাদ্যশস্যের বিপরীতে ইনভয়েস বা অন্য কোন সূত্রে সরকারি গুদামে অপ্রাপ্ত, দুর্ঘটনাজনিত নৌকা/বার্জ ডুবি, বিনষ্ট, চুরি বা আত্মসাতকৃত খাদ্যশস্য যা জাতীয় সাপ্তাহিক মজুত প্রতিবেদনে অন্তর্ভুক্ত হয়নি এমন খাদ্যশস্যে পথখাতভুক্ত আছে কিনা সে বিষয়টি চিহ্নিতকরণের বিষয়ে আলোচনা হয় এবং ০১/০১/১৯৯২ খ্রিঃ হতে উক্ত খাদ্যশস্যের হিসাব সংগ্রহের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকদের নিকট থেকে অঞ্চলভিত্তিক প্রতিবেদন সংগ্রহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, তাঁর বিভাগে চুরি/আত্মসাত, নৌকা/বার্জ ডুবি, বিনষ্ট/ধ্বংস, ট্রাক ও ওয়াগনসূত্রে হারিয়ে যাওয়া খাদ্যশস্যের পরিমাণ সংযুক্ত ছক "গ" অনুযায়ী আগামী ৩০/১১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ছক "গ" ০১(এক) পাতা।।

(মোঃ আরিফুর রহমান অপু)
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.১৮- তারিখঃ /১১/২০১৮ খ্রিঃ
সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ
১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর;
৩। পরিচালক,..............................(সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৪। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম /অভ্যন্তরীন নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৫। অফিস কপি।

(আব্দুল্লাহ আল মামুন)
অতিরিক্ত পরিচালক (চলাচল)
ফোনঃ ০২-৯৫৫০২৭০

E:\Transit\Letter 2.doc

# ছক – "গ"

| ক্রঃনং | সাল | চুরি / আত্মসাৎ (মেঃটন) | | | | বিনষ্ট/ধ্বংস (মেঃটন) | | | | নৌকা/বার্জ ডুবি (মেঃটন) | | | | ট্রাক/ ওয়াগণ হারানো (মেঃটন) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | চাল | গম | ধান | মোট | চাল | গম | ধান | মোট | চাল | গম | ধান | মোট | চাল | গম | ধান | মোট | |
| | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | |